গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
www.edwardcollege.edu.bd
e-mail:edwardcollegebd@yahoo.com

স্মারক নং-সএক/২৭২ তারিখ: ০৩.০৩.২০২৫ খ্রি.

## ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সের রেজিস্ট্রেশন সম্পর্কিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অত্র কলেজে ২০২৪ স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সের রেজিস্ট্রেশন কার্যক্রম নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী চলবে। আগ্রহী প্রার্থীদের ০৩/০৩/২০২৫ তারিখ থেকে ১৬/০৩/২০২৫ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions)-এর মাধ্যমে অনলাইন রেজিস্ট্রেশন আবেদন ফরম সংগ্রহ করতে হবে। **অনলাইন রেজিস্ট্রেশন আবেদন ফি বাবদ =-১০৩৫/- (একহাজার পঁয়ত্রিশ) টাকা জমা দিতে হবে।** আবেদন ফরমটি পে-স্লিপ, SSC ও HSC পরীক্ষার নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপিসহ আগামী ০৩/০৩/২০২৫ তারিখ থেকে ১৬/০৩/ ২০২৫ তারিখ সকাল ১০:৩০ থেকে বেলা ১.০০ টার মধ্যে ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে। এ সংক্রান্ত যাবতীয় তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

### ১। আবেদন ফরম পূরণ ও জমাদানের সময়সূচি:

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ০১ | **অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখ** | **১৬.০৩.২০২৫ তারিখ পর্যন্ত** |
| ০২ | **প্রিন্ট করা আবেদন ফরমটি প্রয়োজনীয় কাগজপত্র ও নির্ধারিত ফিসহ কলেজে জমাদানের তারিখ** | **০৩/০৩/২০২৫ তারিখ থেকে ১৬.০৩.২০২৫ তারিখ পর্যন্ত (সকাল ১০.৩০ হতে বেলা ১টা পর্যন্ত)** |

### ২। নির্ধারিত ফিসমূহ:

| ক্রমিক | বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | প্রাথমিক আবেদন ফি বাবদ | ৩০০/- |
| ০২ | রেজিস্ট্রেশন ফি বাবদ | ৪৮৫/- |
| ০৩ | ইনকোর্স ফি বাবদ | ২০০/- |
| ০৪ | ব্যবস্থাপনা ফি বাবদ | ৫০/- |
| | মোট = | ১০৩৫/- |

### ৩। স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবেদনের করার যোগ্যতা:

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের হতে ২০২২ সাল বা তৎপূর্বে HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর এবং তৎসংশ্লিষ্ট SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট (বি.এ/বি.এস.এস/বি.বি.এস) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এ ছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে HSC সমমানের কোর্সসমূহ থেকে শুধুমাত্র ১) এইচ.এস.সি. (ভোকেশনাল) ২) ডিপ্লোমা-ইন-কমার্স ৩) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

খ) O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪(চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২২ সাল বা তৎপূর্বে A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই)টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবেদন করতে পারবে।

ঘ) একই শিক্ষাবর্ষে অথবা ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

**ঙ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।**

চ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমানিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

## ৪। স্নাতক (পাস) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন আবেদনের যোগ্যতা ও শর্তাবলী:

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (পাস/স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা যে সকল বিষয় নিয়ে স্নাতক (পাস/স্নাতক (সম্মান) পরীক্ষায় কৃতকার্য হয়েছে, সে সকল বিষয় ছাড়া নিম্নবর্ণিত যে কোন একটি বিষয়ে নিয়ে স্নাতক (পাস) সার্টিফিকেট কোর্সে রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

খ) আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিথ স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত অথবা Gender ক্রটির কারনে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে তার আবেদন বাতিল বলে গন্য হবে।

গ) **বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স প্রাইভেট রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।**

ঘ) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন প্রাপ্ত প্রার্থীরা ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের সংগে একই কোর্স ও কারিকুলাম অনুযায়ী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রণ করতে পারবে।

## ৫. অনলাইনে আবেদনের নিয়মাবলী :

ক) ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Degree Pass অপশনে গিয়ে Blank Data Entry Form (Degree Private) অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। সার্টিফিকেট কোর্সে রেজিষ্ট্রেশনের জন্য আবেদনকারীকে Blank Data Entry Form (Degree Certificate Course) অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে।

খ) Blank Data Entry Form এর মাধ্যমে আবেদন ফরম পূরণের ক্ষেত্রে আবেদনকারীকে সতর্কতার সংগে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য, নিবন্ধন ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

গ) আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলা নির্ধারণ করে যে কোন কলেজের নাম সিলেক্ট করলে ঐ কলেজে আবেদনকারীর রেজিষ্ট্রেশন যোগ্য (Eligible) কোর্স/বিষয়ের তালিকা দেখতে পাবে। এ সকল (Eligible) কোর্স/বিষয়ের তালিকা থেকে আবেদনকারীকে সতর্কতার সংগে তার প্রার্থিত কোর্স/বিষয়ের পছন্দ নির্ধারণ করতে হবে।

ঘ) এ পর্যায়ে আবেদনকারী সঠিক লিঙ্গ (Gender) নির্ধারণ করে Male/Female এন্ট্রি দিবে। তথ্য ছকে Male স্থলে Female বা Female এর স্থলে Male প্রদর্শিত হলে আবেদনকারীকে Click to Change অপশনে গিয়ে সঠিক তথ্য দিতে হবে।

ঙ) প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ 120X150 pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb. হতে হবে। **প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।**

চ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে ফরমটি Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে।

ছ) পূরণকৃত আবেদন ফরমের ক্রটি সংশোধন: আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ক্রটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে Applicant Login অপশনে Degree Pass (private) লিংকে গিয়ে আবেদন ফরমের রোল ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করলে আবেদনকারী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সতর্কতার সাংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। প্রার্থী ছবি পরিবর্তনের সুযোগ কেবলমাত্র একবারই পাবে।

## ফি পরিশোধের নিয়মাবলী

জ) **শিক্ষার্থীগণ সরাসরি রকেট অ্যাপস এর মাধ্যমে তাদের ফর্মে প্রাপ্ত রোল নম্বর দিয়ে ফি পরিশোধ করতে পারবে। ফি পরিশোধের পর সফটওয়্যার লিংক- https://edwardcollege.eshiksabd.com/ এ ক্লিক করে Username: edwardstudent, Password: edwardstudent Log In Receipts Print (Pay Slip) প্রিন্ট করতে পারবে।**

ঝ) আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীর মাধ্যমিক ও

সময়ের মধ্যে জমা দিতে হবে। প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিবে। কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল আবেদনকারী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানতে পারবে।

ঞ) সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি, আনসার বাহিনীতে চাকুরিরত প্রার্থীকে তার চাকুরি দু-বছর পূর্ণ হয়েছে মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে।প্রত্যয়নপত্রে চাকুরিতে নিয়োগের তারিখ , পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরিতে বহাল থাকার বিবরণ ও পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রার্থীকে ছুটি মঞ্জুর করার বিষয় উল্লেখ থাকতে হবে।

ট) সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে এরেজিস্ট্রেশন কার্যক্রমে অংশগ্রহনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি পত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহনের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে অনুমতি পত্রে উল্লেখ থাকতে হবে।

## ৬। স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়সমূহ:

| ভর্তিচ্ছু কোর্স সমূহ | আবশ্যিক বিষয়সমূহ | নৈর্বাচনিক বিষয়সমূহ |
|---|---|---|
| ক) বি.এ (পাস) | ১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | **নিম্নে প্রদত্ত যে কোন গুচ্ছ থেকে ১টি করে মোট ০৩টি বিষয় নির্বাচন করতে হবে। কোন গুচ্ছ থেকে একাধিক বিষয় নির্বাচন করা যাবে না।**<br>'ক' গুচ্ছ- বাংলা (ঐচ্ছিক) / ইংরেজি (ঐচ্ছিক)<br>'খ' গুচ্ছ- ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>'গ' গুচ্ছ- ইসলামী শিক্ষা/দর্শন<br>'ঘ' গুচ্ছ- অর্থনীতি/সমাজবিজ্ঞান/রাষ্ট্রবিজ্ঞান |
| খ) বি.এস.এস (পাস) | | **ক গুচ্ছ থেকে ০২ (দুই) টি এবং খ গুচ্ছ থেকে ০১ (একটি) করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।**<br>'ক' গুচ্ছ- অর্থনীতি/সমাজবিজ্ঞান/রাষ্ট্রবিজ্ঞান<br>'খ' গুচ্ছ- ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ ইসলামী শিক্ষা/দর্শন/ বাংলা (ঐচ্ছিক)/ ইংরেজি (ঐচ্ছিক) |
| খ) বি.বি.এস (পাস) | | **'ক' গুচ্ছ থেকে ০২ (দুই) টি এবং 'খ' গুচ্ছ থেকে ০১ (একটি) করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।**<br>'ক' গুচ্ছ- হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা<br>'খ' গুচ্ছ- অর্থনীতি |

**প্রতিস্বাক্ষর**

**(প্রফেসর মো. আব্দুল আউয়াল মিয়া)**
**অধ্যক্ষ**
**সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।**

প্রফেসর মোঃ আব্দুল আউয়াল মিয়া (০৭৭৮৯)
অধ্যক্ষ
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।

০৬/০৬/২০২৫

**(মো. আব্দুল বারী সেখ )**
**সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান**
**ও**
**আহবায়ক**
**স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিষ্ট্রেশন কমিটি-২০২৪**
**সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।**

স্মারক নং-সএক/২৭/২৪
খ্রি.

তারিখ: ০৩.০৩.২০২৫

**অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:**

১। উপাধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
৩-১৯। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২০। আহবায়ক, ওয়েব সাইট উন্নয়ন কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা (ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)
২১। গ্রন্থাগারিক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২২। হিসাব রক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২৩। নোটিশ বোর্ড।
২৪। অফিস নথি।